গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
(www.mopa.gov.bd)

নং-০৫.০০.০০০০.১১০.০০.১৪২.১৭-৯৬৪৭

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়: **The Computer Personnel (Government Organisations) Recruitment Rules, 1985 বাতিল হওয়া সংক্রান্ত।**

উপরিউক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক সিভিল আপিল নং-৪৮/২০১১ এর প্রদত্ত রায়ে সংবিধান (পঞ্চম সংশোধনী) আইন, ১৯৭৯ এবং বাংলাদেশ সংবিধান (৭ম সংশোধনী) আইন, ১৯৮৬ বাতিল ঘোষিত হওয়ায় ১৯৭৫ সালের ১৫ আগষ্ট হতে ১৯৭৯ সালের ০৯ এপ্রিল পর্যন্ত এবং ১৯৮২ সালের ২৪ মার্চ হতে ১৯৮৬ সনের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশ/নিয়োগবিধি/অন্যান্য বিধির কার্যকারিতা বাতিল করা হয়। উক্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশ/নিয়োগবিধি/অন্যান্য বিধির কার্যকতারিতা বহাল ও অক্ষুন্ন রাখার নিমিত্ত সৃষ্ট আইনি শূন্যতা পূরণ করার লক্ষ্যে বর্ণিত সময়ের ৮৫(পচাঁশি) টি এবং ৮১ (একাশি) টি অধ্যাদেশ সংরক্ষণে ২০১৩ সালে দুটি আইন প্রণয়ন করা হয়। ২০১৩ সালের প্রণীত ০২(দুই) টি সুরক্ষা আইনের তফসিলর্ভূক্ত ৮৫ ও ৮১ সর্বমোট ১৬৬টি অধ্যাদেশের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের The Computer Personnel (Government Organisations) Recruitment Rules, 1985 (Amendment 1995) বিধিমালাটি অন্তর্ভুক্ত না থাকায় উক্ত বিধির কার্যকারিতা বর্তমানে বিদ্যমান নেই।

০২। বর্ণিত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২৮.০৮.২০১৭ তারিখের ০৫.০০.০০০০.১৭০.২২.০৪৪.১৩-২৩৪ সংখ্যক ইউ.ও.নোটের ফটোকপি নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-প্রশাসন-১ সংস্থাপন
ডাইরী নং.............................
তারিখ.............................

১২/১০/১৭
(মো: মশিউর রহমান)
উপসচিব
ফোন: ৯৫৪০২১৮
admininl@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে):
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব,.............................
৩. রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. সচিব/ভারপ্রাপ্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৫. পরিবহণ কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৬. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৮. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইস্কাটন, ঢাকা।
৯. বিভাগীয় কমিশনার (ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ) (তাঁর অধীন জেলা প্রশাসকগণকে অবহিত করার অনুরোধসহ)।
১০. মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. পরিচালক, সরকারি কর্মচারি হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।
১৩. উপসচিব(মুদ্রণ/পরিবহন/কল্যাণ/প্রশাসন-৩), জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫. সিনিয়র সহকারী সচিব (অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১/২), জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৬. অফিস কপি/গার্ড ফাইল।

F:\Office folder\Letter\...doc

বিধি-১ শাখা
জনপ্রশাসন মন্ত্রণালয়

**বিষয়ঃ** "The Computer Personnel (Government Organizations) Recruitment Rules, 1985 (Amendment 1995)" এর "কার্যকারিতা হারিয়ে ফেলায়" এবং "বাতিল হওয়ায়" বিধিমালাটি সংশোধন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক সিভিল আপীল নং-৪৮/২০১১ এর প্রদত্ত রায়ে সংবিধান (পঞ্চম সংশোধনী) আইন, ১৯৭৯ এবং বাংলাদেশ সংবিধান (সপ্তম সংশোধনী) আইন, ১৯৮৬ বাতিল ঘোষিত হওয়ায় ১৯৭৫ সালের ১৫ আগষ্ট হতে ১৯৭৯ সালের ০৯ এপ্রিল পর্যন্ত এবং ১৯৮২ সালে ২৪ মার্চ হতে ১৯৮৬ সনের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত অধ্যাদেশ/নিয়োগবিধি/অন্যান্য বিধির কার্যকারিতা বাতিল করা হয়। উক্ত সময়ের মধ্যে জারীকৃত অধ্যাদেশ/নিয়োগবিধি/অন্যান্য বিধির কার্যকারিতা বহাল ও অক্ষুন্ন রাখার নিমিত্ত সৃষ্ট আইনি শূন্যতা পূরণ করার লক্ষ্যে বর্ণিত সময়ের ৮৫ (পচাঁশি) টি এবং ৮১ (একাশি) টি অধ্যাদেশ সংরক্ষণে ২০১৩ সালে দু'টি আইন প্রণয়ন করা হয়। ২০১৩ সালের প্রণীত ০২ (দুই) টি সুরক্ষা আইনের তফসিলভুক্ত ৮৫ ও ৮১ সর্বমোট ১৬৬টি অধ্যাদেশের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের "The Computer Personnel (Government Organizations) Recruitment Rules, 1985 (Amendment 1995)" বিধিমালাটি অন্তর্ভুক্ত না থাকায় উক্ত বিধির কার্যকারিতা বর্তমানে বিদ্যমান নেই।

২। এমতাবস্থায়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের "The Computer Personnel (Government Organizations) Recruitment Rules, 1985 (Amendment 1995)" বিধিমালাটি ২০১৩ সালের আইনে সংরক্ষিত না হওয়ায় তার "কার্যকারিতা হারিয়ে ফেলায়" এবং "বাতিল হওয়ায়" বিধিমালাটি জরুরিভিত্তিতে সংশোধনের উদ্যোগ গ্রহণের জন্য প্রশাসন অনুবিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মনিরুল হক খান)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং-৯৫১৫৫৫২

অতিরিক্ত সচিব
প্রশাসন অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়।

---

ইউ.ও নোট নং-০৫.০০.০০০০.১৭০.২২.০৪৪.১৩-২৩৪ তারিখঃ ২৭/০৮/২০১৭

| জনপ্রশাসন মন্ত্রণালয় প্রশাসন-১ শাখা |
|---|
| ডাইরী নং ৯৩৩৭ |
| তারিখঃ ৩১/০৮/১৭ |
| প্রশাসনিক কর্মকর্তা-১ |
| প্রশাসনিক কর্মকর্তা-২ |
| প্রশাসনিক কর্মকর্তা-৩ |
| প্রশাসনিক কর্মকর্তা-৪ |
| প্রশাসনিক কর্মকর্তা-৫ |